ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# নিউজ সারাদিন




বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

Digital Media Act No. : DM /34/2021 ● Prgi Application Process No. : T/WB/2024/0617/6991/1130 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : https://epaper.newssaradin.live/

● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ১০৪ ● কলকাতা ● ০৪ বৈশাখ, ১৪৩২ ● শুক্রবার ● ১৮ এপ্রিল ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

## মমতার অনুরোধ উপেক্ষা করেই মুর্শিদাবাদ রওনা দিচ্ছেন রাজ্যপাল




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

আগেই জানিয়েছিলেন, সুযোগ বুঝে মুর্শিদাবাদের ঘরছাড়াদের সঙ্গে দেখা করবেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। তার আগে বৃহস্পতিবার তাঁদের সঙ্গে একপ্রস্থ কথাবার্তা বলে নিলেন তিনি। ভবানীভবনের পর ঘরছাড়াদের নিয়ে এদিন রাজভবনে পৌঁছন রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার। দেখা করেন রাজ্যপালের সঙ্গে। ঘরছাড়াদের পাশে থাকার আশ্বাসও দিয়েছেন তিনি। জানিয়ে দেন মুর্শিদাবাদে যদি সত্যিই শান্তি ফিরে আসে, তাহলে তার থেকে ভাল খবর

এরপর ৩ পৃষ্ঠায়

# 'যোগ্য' শিক্ষকরা ফিরবেন স্কুলে, তবে বাদ অশিক্ষক কর্মীরা, শর্ত বেঁধে নির্দেশ সুপ্রিম কোর্টের




**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

নয়াদিল্লি: মধ্যশিক্ষা পর্ষদের আবেদনে সাড়া। পড়ুয়াদের কথা ভেবে বড় সিদ্ধান্ত সুপ্রিম কোর্টের। দাগি হিসেবে চিহ্নিত নন, এমন শিক্ষক-শিক্ষিকাদের চলতি বছর ৩১ ডিসেম্বর পর্যন্ত কাজ চালিয়ে যাওয়ার অনুমতি দিল সুপ্রিম কোর্ট। তবে শর্তসাপেক্ষে নরম হল শীর্ষ আদালত। শীর্ষ আদালতের নির্দেশে 'যোগ্য' শিক্ষক-শিক্ষিকারা স্কুলে ফিরতে পারলেও অশিক্ষক কর্মীরা স্কুলে যোগ দিতে পারবেন না।

এদের মধ্যে প্রায় ৬ হাজার শিক্ষক-অশিক্ষক কর্মীকে 'দাগি' বলে জানিয়ে দিয়েছিল এসএসসি। সিবিআই তদন্তে তাদের বিরুদ্ধে কারচুপির প্রমাণ মিলেছিল। এই ছ'হাজার 'অযোগ্য' শিক্ষক-অশিক্ষক কর্মী কাজে ফিরতে পারবেন

এরপর ৩ পাতায়






# জেবিএল ভারতে টিউন সিরিজ 2 লঞ্চ করেছে: পার্সোনাল অডিওকে নতুন করে সংজ্ঞায়িত করা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**ভারত – এপ্রিল 2025 –** জেবিএল ভারতে তাদের নতুন টিউন সিরিজ 2 লঞ্চ করেছে। এই সিরিজটি প্রতিদিনের অডিও অভিজ্ঞতা উন্নত করার জন্য নতুন নতুন আকর্ষণীয় বৈশিষ্ট্য নিয়ে এসেছে।টিউন সিরিজ 2-এ তিনটি স্টাইল রয়েছে: বাডস 2, বিম 2 এবং ফ্লেক্স 2। প্রতিটি স্টাইলই বিভিন্ন জীবনধারা এবং শ্রোতার চাহিদা অনুসারে তৈরি। এই নতুন সিরিজটি বিভিন্ন বৈশিষ্ট্যগুলি অফার করে, যেমন অ্যাডাপ্টিভ নয়েজ ক্যানসেলিং, আরও ভালো সাউন্ড ড্রাইভার এবং স্পেশিয়াল সাউন্ড যা ভ্রমণের সময় গতিশীল এবং নমনীয় শোনার অভিজ্ঞতা প্রদান করে। মাল্টি-পয়েন্ট কানেকশন এবং গুগলের ফাস্ট পেয়ারের মাধ্যমে, ব্যবহারকারীরা অনায়াসে ডিভাইসগুলির মধ্যে স্যুইচ করতে পারেন এবং অ্যান্ড্রয়েড ডিভাইসগুলির সাথে তাৎক্ষণিক পেয়ারিং উপভোগ করতে পারেন, যা সর্বদা নিরবচ্ছিন্ন সংযোগ নিশ্চিত করে।

জেবিএলের নতুন টিউন সিরিজ 2 তিনটি স্টাইলিশ ডিজাইনের মাধ্যমে পার্সোনাল অডিওকে নতুনভাবে সংজ্ঞায়িত করছে। টিউন বাড্স 2 একটি এর্গোনমিক বাড স্টাইল ফিট সহ আসে, টিউন বিম 2 একটি মসৃণ ক্লোজড-টাইপ স্টিক ডিজাইনের বৈশিষ্ট্যযুক্ত, এবং টিউন ফ্লেক্স 2 উন্নত সাউন্ড কোয়ালিটির জন্য বৃহত্তর 12mm ড্রাইভার সহ একটি ওপেন-টাইপ স্টিক ডিজাইন অফার করে — যারা আরও খোলা শোনার অভিজ্ঞতা পছন্দ করেন তাদের জন্য আদর্শ। এই সিরিজটি 48 ঘন্টা পর্যন্ত মোট প্লেব্যাকের একটি চিত্তাকর্ষক ব্যাটারি লাইফ অফার করে, যা দীর্ঘ উদযাপন এবং দৈনন্দিন ব্যবহারের জন্য নিরবচ্ছিন্ন সঙ্গীত নিশ্চিত করে। স্থায়িত্বের জন্য তৈরি, সমস্ত মডেল জল এবং ধুলো প্রতিরোধের জন্য IP54 রেটিং সহ আসে, যা এগুলিকে দৈনন্দিন রুটিন এবং আউটডোর অ্যাডভেঞ্চার উভয়ের জন্য নির্ভরযোগ্য সঙ্গী করে তোলে। সিরিজের প্রতিটি মডেলে উন্নত বৈশিষ্ট্য রয়েছে যার মধ্যে রয়েছে ব্লুটুথ 5.3, এলই অডিও এবং ছয়টি মাইক্রোফোন যা চ্যালেঞ্জিং পরিবেশেও স্ফটিক-স্বচ্ছ কল নিশ্চিত করে। টকথ্রু বৈশিষ্ট্যটি আপনাকে ইয়ারবাডগুলি না খুলেই কথোপকথনে অংশ নিতে দেয়।

# পান্তাভাত আর লোকসংস্কৃতির টানে পর্যটকদের ঢল ঝাড়গ্রামে



**অরূপ ঘোষ, ঝাড়গ্রাম**

পারদ যখন ছুঁই ছুঁই করছে ৪০ ডিগ্রির দোরগোড়ায় তখন প্রকৃতি আর সংস্কৃতির আহ্বানে ঝাড়গ্রামে ছুটে এসেছেন রাজ্যের নানা প্রান্ত থেকে অসংখ্য মানুষ। বাংলা নববর্ষ উপলক্ষে ঝাড়গ্রামের বেলপাহাড়ি সহ জঙ্গলমহলের নানা প্রান্ত রঙিন হয়ে উঠেছিল বাঙালিয়ানার আবহে।

গ্রীষ্মের দাবদাহকে পেছনে ফেলে ভ্রমণপিপাসুদের মন জয় করছে এখানকার ঐতিহ্যবাহী আতিথেয়তা ও সাংস্কৃতিক আবহ। এবারে বর্ষবরণে ঝাড়গ্রামের হোটেল, রিসর্ট এবং হোমস্টেগুলিতে বিশেষ আকর্ষণ হিসেবে পরিবেশিত হচ্ছে পান্তাভাতের থালি। শীতল পানিতে ভেজানো ভাত, ছাঁচি পেঁয়াজ, ডালের বড়া, শাকভাজা, কাঁচা আম

এরপর ৫ পাতায়

# দেশি-বিদেশি সহ রাস্তায় বসবাসকারী প্রাণীর বিনামূল্যে চিকিৎসা

**স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন**

**জগদীশ যাদব, কলকাতা।** যারা বিলাসবহুল ভবনে থাকেন অথবা যাদের অর্থের অভাব নেই তারা তাদের পোষা প্রাণীর জন্য ব্যয়বহুল চিকিৎসার খরচ বহন করেন। রাস্তায় বসবাসকারী বিপথগামী প্রাণীদের চিকিৎসা খুব কমই কেউ করে। কিন্তু 'ফার টু ফেদার' সোনারপুরে একটি শিবিরের আয়োজন করে যাতে কেবল রাস্তার পশুদেরই নয়, বরং বাড়িতে পোষা বসবাসকারী প্রাণীদেরও বিনামূল্যে চিকিৎসা দেওয়া হয়। 'ফার টু ফেদার'-এর প্রধান পামেলা রায় জানান, তার সংস্থা দীর্ঘদিন ধরে এই ধরনের কাজ করে আসছে। উপরোক্ত শিবিরে, ভারতীয় ও বিদেশী সহ রাস্তায় বসবাসকারী শত শত বিপথগামী প্রাণীর বিনামূল্যে চিকিৎসা করা হল এবং প্রয়োজন অনুসারে বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষা এবং টিকাদান করা হয়েছিল। পামেলা রায় জানান, এই সময়ে, মুম্বাই এবং বাংলা চলচ্চিত্র শিল্পের শীর্ষস্থানীয় মেকআপ শিল্পী এবং সমাজকর্মী অনামিকা ভট্টাচার্য এই অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও উপস্থিত ছিলেন বিশিষ্ট পশুচিকিৎসক ডাঃ মৃণ্ময় সাহা, ডাঃ রায়বুল খান, ডাঃ শামীম হুসেন, ডাঃ ত্রিদিব্রঞ্জন রায়, ডাঃ শুভজিৎ গোস্বামী প্রমুখ।উল্লিখিত বিষয়ের পাশাপাশি, ক্রমিং গ্রুমিং এবং ফ্যান্সি ড্রেস ক্যাট শোও আয়োজন করা হয়েছিল। পামেলা রায় বলেন, ভবিষ্যতে সংগঠনটিকে আরও সম্প্রসারিত করার এবং রাস্তার প্রাণী এবং সমস্ত পোষা প্রাণীর জন্য হুপার স্পেশালিটি ক্রেচ স্থাপনের পরিকল্পনা রয়েছে।







(১ম পাতার পর)

# 'যোগ্য' শিক্ষকরা ফিরবেন স্কুলে, তবে বাদ অশিক্ষক কর্মীরা, শর্ত বেঁধে নির্দেশ সুপ্রিম কোর্টের

না। সুপ্রিম নির্দেশে যোগ্য শিক্ষক-শিক্ষিকারা কাজে ফিরলেও বহু প্রশ্নের জবাব অধরাই রইল। শিক্ষাকর্মীদের স্কুলে ফেরার অনুমতি দেননি প্রধান বিচারপতি। ফলে স্কুলের দপ্তরীদের কাজ, মিড ডে মিলের কাজকর্ম কে করবেন, তা নিয়ে ধন্ধ রয়েই গেল।একযোগে প্রায় ২৬ হাজার শিক্ষক-অশিক্ষক কর্মীর চাকরি বাতিলে ভেঙে পড়তে পারে রাজ্যের শিক্ষাব্যবস্থা। তাই সুপ্রিম রায়ে অন্তর্বর্তীকালীন পরিবর্তন চেয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল মধ্যশিক্ষা পর্ষদ। সেই আবেদনের শুনানিতে এদিন কিছুটা হলেও নরম হল সুপ্রিম কোর্ট। তবে দু'টি শর্ত আরোপ করেছেন প্রধান বিচারপতি সঞ্জীব খান্না। এক, ৩১ মে-র মধ্যে রাজ্যকে হলফনামা দিয়ে জানাতে হবে যে তারা চলতি বছরেই নিয়োগ প্রক্রিয়া শেষ করবেন। দুই, ৩১ ডিসেম্বরের মধ্যে গোটা নিয়োগ প্রক্রিয়া শেষ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে নিয়োগ শেষ করতে না পারলে কড়া ব্যবস্থা। উল্লেখ্য, গত শুনানিতে 'সুপ্রিম' নির্দেশ ছিল তিনমাসের মধ্যে নিয়োগ প্রক্রিয়া শেষ করতে হবে। বৃহস্পতিবারের রায়ে সেই সময়সীমা বাড়ানো হল।

প্রধান বিচারপতি জানিয়েছেন, পড়ুয়াদের কথা ভেবে নবম-দশম এবং একাদশ-দ্বাদশ শ্রেণির 'যোগ্য' শিক্ষকদের কাজে যোগ দেওয়ার অনুমতি দেওয়া হল। ১ মে থেকে কাজে যোগ দিতে পারবেন তাঁরা। 'যোগ্য' শিক্ষক-শিক্ষিকাদের ফেরালেও চতুর্থ শ্রেণির কর্মীদের জন্য পুরনো নির্দেশই বহাল থাকল। কারণ তাদের নিয়োগে এত বিশাল দুর্নীতি হয়েছে যে তাদের কাজে ফেরালে ভুল বার্তা যাবে বলে মত প্রধান বিচারপতির। দাগি নয় এমন শিক্ষক-শিক্ষিকাদের স্কুলে ফেরানো হলেও নয়া নিয়োগ প্রক্রিয়ায় তাঁদের জন্য কোনও বিশেষ সুবিধা দেওয়া হবে না। পরীক্ষা দিয়ে নতুন করে যোগ্যতা প্রমাণ করে নিযুক্ত হতে হবে তাঁদের।

সুপ্রিম কোর্টের কলমের খোঁচায় একসঙ্গে বাতিল হয়েছে এসএসসির ২৫,৭৫২ শিক্ষক ও শিক্ষাকর্মীর চাকরি। এই রায়ের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ চেয়ে শীর্ষ আদালতের দ্বারস্থ হয়েছিল পর্ষদ। সেখানে রাজ্যের অন্তত ১৭টি স্কুলের বেহাল দশার উদাহরণ হিসেবে তুলে ধরা হয়। সুপ্রিম নির্দেশে কোনও স্কুলের ৮ জন শিক্ষকের চাকরি চলে গিয়ে বর্তমানে শিক্ষকের সংখ্যা মাত্র ১। কোথাও ২৭ জনের মধ্যে চাকরি খুইয়েছেন ২৫ জন। কোথাও ছ' জনের মধ্যে আছেন মাত্র তিনজন। কোনও স্কুলে আবার ঘণ্টা বাজানোর কর্মী না থাকায় সেই কাজ করতে হচ্ছে শিক্ষকদের। এই পরিস্থিতিতে শিক্ষক, শিক্ষিকা, শিক্ষাকর্মীর অভাবে সংকটে ভুগছে বিভিন্ন স্কুল। মাধ্যমিক, উচ্চমাধ্যমিকের খাতা দেখা থেকে শুরু করে নতুন শিক্ষাবর্ষের পঠন পাঠনে দেখা দিয়েছে প্রচুর সমস্যা। এই ধরনের নানা ঘটনার উল্লেখ রয়েছে আবেদনে। এই পরিস্থিতিতে বড় নির্দেশ দিল সর্বোচ্চ আদালত।

(১ম পাতার পর)

# মমতার অনুরোধ উপেক্ষা করেই মুর্শিদাবাদ রওনা দিচ্ছেন রাজ্যপাল

কিছু হতে পারে না। তাই সেখানের পরিস্থিতি সরেজমিনে দেখতে আজই রাতে মুর্শিদাবাদ রওনা দিচ্ছেন রাজ্যপাল।

ওয়াকফ সংশোধনী আইনের প্রতিবাদে রাজ্যে যে অশান্তির পরিবেশ তৈরি হয়েছে তা নিয়ে ইতিমধ্যেই কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রকে রিপোর্ট জমা পড়েছে।

যদিও জানা গিয়েছে, গ্রাউন্ড জিরোয় গিয়ে সবকিছু খতিয়ে দেখে রিপোর্ট তৈরি করবেন রাজ্যপালও। স্পষ্টতই জানান, "আমি একান্তই ব্যক্তিগত উদ্যোগে যাব। গোটা ঘটনার বাস্তবচিত্র চাক্ষুষ করতে যাব। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনা হয়েছে। তবে ভবিষ্যতে যাতে এহেন ঘটনা না ঘটে, তা নিশ্চিত করতে আমাদের আরও কড়া পদক্ষেপ নিতে হবে। মুর্শিদাবাদের মানুষ সেখানে স্থায়ী বিএসএফ ক্যাম্প চেয়েছেন। তাও খতিয়ে দেখা হবে।"

আজ সুকান্তর সঙ্গে রাজভবনে এসেছিলেন তাপস রায় ও রূপা গাঙ্গোপাধ্যায়। তাঁদের সঙ্গে সেই মুর্শিদাবাদের সেই ঘরছাড়ারা। জানা গিয়েছে তাঁদের অভিজ্ঞতা, অনুযোগ সবটাই রাজ্যপাল শুনেছেন। রাজ্যপাল জানান, ঘরছাড়ারা তাঁর সঙ্গে দেখা করার ইচ্ছাপ্রকাশ করেছিলেন। শুধুমাত্র তাঁদের সঙ্গে কথা বলতেই এদিনের যাবতীয় কর্মসূচি বাতিল করে তিনি রাজভবনে এসেছিলেন। বিজেপি নেতৃত্বদের তরফে বলা হয়েছে রাজ্যপালের সঙ্গে কথা হয়েছে। তাঁদের তরফে পরবর্তী কী পদক্ষেপ করা হবে তা আলোচনা করে জানানো হবে।

প্রসঙ্গত, গত শুক্রবার ওয়াকফ নিয়ে অশান্তি বাধে মুর্শিদাবাদে। মৃত্যু হয় তিনজনের। পুলিশের দাবি, পরে পরিস্থিতি নিয়ন্ত্রণে আসে। কিন্তু অনেকেই ভয়ে ধুলিয়ান-সুতি থেকে পালিয়ে যান। তাঁরা প্রত্যেকেই অভিযোগ করেছিলেন, অত্যাচার করে ঘর পুড়িয়ে দেওয়া হয়েছে। এই পরিস্থিতিতে রাজ্য পুলিশের উচ্চপদস্থ আধিকারিকরা ঘটনাস্থলে গেলেও দফায় দফায় উত্তপ্ত হয় এলাকা।

# মুম্বই-এ আয়োজিত 'ওয়েভস' সামিটে তরুণ চলচ্চিত্র নির্মাতা ২০২৫ প্রতিযোগিতা বিভাগে দুর্গাপুরের হেমপ্রভ চূড়ান্ত পর্বে নির্বাচিত

**কলকাতা, ১৭ এপ্রিল, ২০২৫**

পশ্চিমবঙ্গের দুর্গাপুরের তরুণ প্রতিভা, চলচ্চিত্র নির্মাতা হেমপ্রভ ভট্টাচার্য ওয়েভস ইয়ং ফিল্মমেকারস চ্যালেঞ্জ ২০২৫-এর চূড়ান্ত পর্বের জন্য নির্বাচিত হয়েছে। ১২ থেকে ১৯ বছর বয়সী তরুণ প্রতিভাদের সৃজনশীলতা প্রদর্শন করাই এই জাতীয় প্রতিযোগিতার লক্ষ্য।

হেমপ্রভর মূল্যায়ন শুরু হয় ৬০ সেকেন্ডের একটি চলচ্চিত্র জমা দেওয়ার মাধ্যমে। এরপর ২০২৫ সালের ৭ ও ৮ মার্চ মুম্বইয়ের হুইসলিং উডস ইন্টারন্যাশনাল মঞ্চে প্রখ্যাত চলচ্চিত্র নির্মাতা আমোল গুপ্তের সঙ্গে দুই দিনের কর্মশালায় প্রতিটি বিভাগের শীর্ষ ১০ জনকে আমন্ত্রণ জানানো হয়। তালিকাভুক্ত দলগুলি তাদের চলচ্চিত্রগুলি পুনরায় শ্যুট করা এবং ১৫ এপ্রিল, ২০২৫ এর মধ্যে চূড়ান্ত সংস্করণ জমা দেওয়ার সুযোগ পায়।

পশ্চিমবঙ্গের দুর্গাপুরের ডিএভি মডেল স্কুলের ছাত্র হেমপ্রভ ভট্টাচার্য একটি সাক্ষাৎকারে বলে, সে স্কুল শিক্ষকের কাছ থেকেই ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল সামিট সম্পর্কে জানতে পারে। তার নির্মিত 'রিকানেক্ট' নামের চলচ্চিত্রটি ১ মিনিট ১৬ সেকেন্ডের একটি সাদা-কালো ছায়ায়, যেটু বর্তমানের ওয়ার্ক ফ্রম হোমের যুগে বাবা-ছেলের সম্পর্কের সংবেদনশীল দিকটি তুলে ধরেছে।

চলচ্চিত্রটির বিষয় হ'ল, প্রযুক্তি কীভাবে মানবজীবনকে প্রভাবিত করছে। উদীয়মান শিল্পীদের 'ওয়েভস' মঞ্চটি সৃষ্টিশীল কর্মকান্ড প্রদর্শনের যে অভাবনীয় সুযোগ করে দিয়েছে এবং এবিষয়ে কেন্দ্রের সদর্থক সমর্থনকে হেমপ্রভ সাধুবাদ জানিয়েছে।

ওয়েভস ইয়ং ফিল্মমেকারস চ্যালেঞ্জ বৃহত্তর ওয়ার্ল্ড অডিও ভিজ্যুয়াল অ্যান্ড এন্টারটেইনমেন্ট সামিটের (ওয়েভস)-এর একটি অংশ। ২০২৫-এর ১ থেকে ৪ মে মুম্বাইয়ের জিও ওয়ার্ল্ড কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত হবে।

# সম্পাদকীয়

## ভারতকে বিশ্বের একটি উন্নত দেশ এবং এক নম্বর সামরিক শক্তি হয়ে উঠতে হবে : প্রতিরক্ষা মন্ত্রী

প্রতিরক্ষা মন্ত্রী শ্রী রাজনাথ সিং আজ ১৭ এপ্রিল ২০২৫-এ নতুন দিল্লিতে একটি ডিফেন্স কনক্লেভে আত্মনির্ভর এবং ভবিষ্যতের জন্য প্রস্তুত ভারতের জন্য একটি অবশ্যকৃত ভাবনার কথা জানিয়েছেন। দেশজ প্রযুক্তি, উদ্ভাবন এবং বিশ্ব নেতৃত্বের বিষয়টি স্পষ্ট করেই জোর দিয়ে তিনি ঘোষণা করেছেন যে, ভারত শুধুমাত্র নিজের সীমান্ত রক্ষা করছে তাই নয়, আন্তর্জাতিক প্রতিরক্ষা পরিমণ্ডলে নিজেকে গুরুত্বপূর্ণ করে তুলছে। তিনি আরও বলেন, "সেদিন আর বেশি দূরে নয়, যখন ভারত শুধুমাত্র একটি উন্নত দেশ হয়ে উঠবে তাই নয়, বরং আমাদের সামরিক শক্তি বিশ্বে এক নম্বর হয়ে উঠবে।"

প্রতিরক্ষা মন্ত্রী এও বলেন যে, প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকারের কাছে প্রতিরক্ষা ক্ষেত্রটি ঢেলে সাজানো এবং শক্তিশালী করাটাই সবচেয়ে বড় অগ্রাধিকার। তিনি আরও বলেন যে, সরকারের কাছে প্রথম এবং সবচেয়ে বড় চ্যালেঞ্জ হল, ভারত যে নিজের প্রতিরক্ষার প্রয়োজনে শুধুমাত্র আমদানিই করে এই মনোভাবের পরিবর্তন করা। তিনি বলেন, "ভারত আমদানির ওপর নির্ভরতা কমাবে এবং একটি প্রতিরক্ষা শিল্প তালুক গড়বে যা শুধুমাত্র ভারতের প্রয়োজন মেটাবে তাই নয়, প্রতিরক্ষা সরঞ্জাম রফতানির সম্ভাবনাকে জোরদার করবে।"

প্রতিরক্ষা মন্ত্রী বলেন, "বর্তমানে যখন ভারতের প্রতিরক্ষা ক্ষেত্র আত্মনির্ভরতার ক্ষেত্রে এগিয়ে যাচ্ছে তখন আন্তর্জাতিক সরবরাহ শৃঙ্খলকে জোরদার করতে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা নিতেও সে প্রস্তুত"। প্রতিরক্ষা মন্ত্রী আরও বলেন, মেক ইন ইন্ডিয়া কর্মসূচি শুধু দেশের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনকে জোরদার করছে তাই নয়, আন্তর্জাতিক প্রতিরক্ষা সরঞ্জাম শৃঙ্খলকে শক্তিশালী এবং নমনীয় করে তুলতেও সে সক্ষম। তিনি আরও বলেন, ভারতের প্রতিরক্ষা উৎপাদন সক্ষমতার লক্ষ্য জাতীয় নিরাপত্তা এবং কৌশলগত স্বশাসনের পাশাপাশি আন্তর্জাতিক বাজারে সরবরাহের ঘাটতির প্রভাব থেকে উৎপাদনকে রক্ষা করার উপায়।

শ্রী রাজনাথ সিং বলেন, ভারতের ক্রমবর্ধমান প্রতিরক্ষা সক্ষমতার অর্থ এই নয়, সংঘর্ষে উস্কানি দেওয়া, তিনি আরও বলেন, "আমাদের প্রতিরক্ষা সক্ষমতা দায়িত্ববান প্রতিরোধের মতো শান্তি এবং প্রশান্তি স্থাপনে। শান্তি তখনই সম্ভব যখন আমরা শক্তিশালী হবো।"

যুদ্ধের বিবর্তনশীল প্রকৃতি প্রসঙ্গে শ্রী রাজনাথ সিং বলেন, আগামী দিনে সংঘর্ষ এবং যুদ্ধ আরও হিংস্র হয়ে উঠবে এবং যার পূর্বাভাস দেওয়া সম্ভব হবে না। সাইবার এবং মহাকাশ ক্ষেত্র দ্রুত নতুন রণক্ষেত্র হয়ে উঠছে এর পাশাপাশি বিশ্বজুড়ে ধ্যান-ধারণা এবং বক্তব্যের লড়াই চলছে। এই সমস্যার মোকাবিলায় তিনি বলেন, সার্বিক ক্ষমতা বৃদ্ধি এবং লাগাতার সংস্কারের ওপর জোর দেওয়া হচ্ছে। প্রতিরক্ষা মন্ত্রী এও জানান যে, প্রতিরক্ষা মন্ত্রক ২০২৫-কে সংস্কারের বর্ষ বলে ঘোষণা করেছে।

সংস্কার বিষয়ে শ্রী রাজনাথ সিং জানান, ২০০ বছরের বেশি পুরোনো অস্ত্র কারখানাগুলির আধুনিকীকরণ সাহসী এবং প্রয়োজনীয় পদক্ষেপ। তিনি বলেন, "বর্তমানে অস্ত্র কারখানাগুলি তাদের নতুন চেহারায় ভালোই কাজ করছে এবং লাভজনক হয়ে উঠছে। আমি বিশ্বাস করি যে, ২০০ বছরের বেশি পুরোনো কাঠামোকে পরিবর্তন করা এই শতাব্দীর সবচেয়ে বড় সংস্কার।"

প্রতিরক্ষা মন্ত্রী সরকারের দেশজ প্রযুক্তির দিকে নজরের উল্লেখ করেন সশস্ত্র বাহিনী এবং ডিফেন্স পাবলিক সেক্টর আন্ডারটেকিং (ডিপিএসইউ)-গুলির পাঁচটি করে ইতিবাচক দেশজ প্রযুক্তির তালিকা প্রকাশের কথা বলেন। তিনি বলেন, "বাহিনীর তালিকায় অস্ত্র-শস্ত্র-র সংখ্যা ৫০৯টি। এগুলি এবার থেকে ভারতে তৈরি হবে। রাষ্ট্রায়ত্ত কোম্পানিগুলির তালিকায় থাকা পণ্যের সংখ্যা ৫ হাজার ১২টি।"

শ্রী রাজনাথ সিং আরও বলেন যে, সরকার প্রতিরক্ষা বাজেটের ৭৫ শতাংশ রেখেছে ঘরোয়া কোম্পানিগুলির কাছ থেকে পণ্য কেনার জন্য। ভারতের প্রতিরক্ষা সরঞ্জাম উৎপাদনের মূল্য ছিল ২০১৪-য় ৪০ হাজার কোটি টাকা, এখন তা বেড়ে হয়েছে ১ লক্ষ ২৭ হাজার কোটি টাকা। তিনি জানান, "এবছর প্রতিরক্ষা সরঞ্জামের মূল্য ১.৬০ লক্ষ কোটি টাকা ছাড়িয়ে যাবে, আমাদের লক্ষ্য ২০২৯-র মধ্যে এই পরিমাণকে ৩ লক্ষ কোটিতে নিয়ে যাওয়া।"

# কোজাগরী লক্ষ্মী পূজা সঠিকভাবে পালন করলে বহু ফল পাওয়া যায় মানব জীবনে



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



মানুষের মনের ভয় রাখার কোনো জায়গা নেই, মানুষের সবকিছু রাখার জায়গা যেমন রয়েছে। ভয় কোথায় রাখবে সেটাও কিন্তু মানুষ আজও খুঁজে পায়নি। ভয় ভীতির মধ্যে লুকিয়ে রয়েছে ঈশ্বরের প্রতি অনুভূতি ও ভক্তর নিষ্ঠাবান শক্তি পাঠ। মানুষের আত্মার একটি দুর্বলতা শক্তি সর্বদাই কাজ করে,সেই আত্মাকে জাগ্রত করতে গেলে মন্ত্র তন্ত্র ও শক্তিকে আরধনা করতে হয়। তখন সে নিষ্ঠাবান শক্তিশালী সাধক হিসেবে ঘোষিত হয়। মানুষের সাধনার মধ্যে সিদ্ধ করতে পারে, এ পৃথিবীতে যখন জীব এসেছে তখন তিনি খালি হাতে এসেছি,

ক্রমশঃ

(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)

# ১৮ এপ্রিল, ২০২৫ বিশ্ব ঐতিহ্য দিবসে ভারতীয় পুরাতাত্ত্বিক সর্বেক্ষণের আওতায় থাকা পর্যটন স্থলগুলিতে প্রবেশমূল্য থাকছে না

**নয়াদিল্লি, ১৭ এপ্রিল, ২০২৫**

১৮ এপ্রিল, ২০২৫ বিশ্ব ঐতিহ্য দিবস বা 'ইন্টারন্যাশনাল ডে অফ মনুমেন্টস অ্যান্ড সাইটস'-এ ভারতীয় পুরাতাত্ত্বিক সর্বেক্ষণের আওতায় থাকা পর্যটন স্থলগুলিতে প্রবেশের জন্য মাশুল গুনতে হবে না।

ভারতের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্য সম্পর্কে সাধারণ মানুষের আগ্রহ আরও বাড়াতে এই সিদ্ধান্ত নিয়েছে পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ বা আর্কিওলজিক্যাল সার্ভে অফ ইন্ডিয়া। বর্তমানে তাদের আওতায় রয়েছে ৩,৬৯৮টি স্মারক স্থল।

এ বছর 'ইন্টারন্যাশনাল ডে অফ মনুমেন্টস অ্যান্ড সাইটস'-এর থিম হল 'হেরিটেজ আন্ডার থ্রেট ফ্রম ডিজাস্টার অ্যান্ড কনফ্লিক্টস'- বিপর্যয় এবং সংঘর্ষের জেরে বিপন্ন ঐতিহ্য। এই বিষয়টিতে সচেতনতার প্রসার ঘটিয়ে ঐতিহ্য মণ্ডিত স্মারক ও পরিসরগুলির সংরক্ষণে সাধারণ মানুষকে উদ্যোগী করে তোলার চেষ্টা হচ্ছে।

প্রবেশমূল্য মকুব করে ঐতিহ্য সংরক্ষণে তৎপর হওয়ার জন্য সাধারণ মানুষকে বার্তা দিতে চায় পুরাতাত্ত্বিক সর্বেক্ষণ।

বস্তুত, আমাদের সংবিধানে বর্ণিত মৌলিক দায়িত্বগুলির মধ্যেও ঐতিহ্যমণ্ডিত পরিসর ও স্মারক রক্ষা করায় যত্নশীল হয়ে ওঠার কথা বলা হয়েছে।

# ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

মা-কে লাথি মারার জন্য শনির ওপর তিনি ক্রুদ্ধ হলেও বেশি অবাক হন সন্ধ্যার ভূমিকায়। একজন মা কী করে তাঁর সন্তানকে এমন অভিশাপ দিতে পারেন, তা ভেবে পান না সূর্য্য। সন্ধ্যার কাছে সব জানতে চান তিনি।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# বিচারপতিরাই যেন সুপার পার্লামেন্ট', রাষ্ট্রপতিকে 'ডেডলাইন' বেঁধে দেওয়া নিয়ে বিচারব্যবস্থাকে নিশানা ধনকড়ের

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ফের সরাসরি বিচারব্যবস্থাকে নিশানা করলেন উপরাষ্ট্রপতি জগদীপ ধনকড়। তাঁর বক্তব্য, সুপ্রিম কোর্ট যেভাবে আইনসভায় পাশ হওয়া বিল নিয়ে সিদ্ধান্ত নেওয়ার জন্য রাষ্ট্রপতিকে সময়সীমা বেঁধে দিচ্ছে, সেটা করা যায় না। এভাবে ভারতের রাষ্ট্রপতিকে কেউ বিল নিয়ে সিদ্ধান্ত নিতে বাধ্য করতে পারে না।দিন কয়েক আগে দিল্লি হাই কোর্টের এক বিচারপতির বাড়ি থেকে প্রচুর নগদ উদ্ধার হয়েছে। অথচ সেই বিচারপতির বিরুদ্ধে এখনও কোনও পদক্ষেপ করা হয়নি। সেই প্রসঙ্গ তুলে উপরাষ্ট্রপতির বক্তব্য, "সুপ্রিম কোর্ট রাষ্ট্রপতিকে কোনও কিছু নিয়ে নির্দেশ দিচ্ছে, এমন একটা পরিস্থিতি মেনে নেওয়া যায় না। এখন যা পরিস্থিতি তাতে বিচারপতিরাই আইন তৈরি করছেন। তাঁরাই নির্দেশ কার্যকর করছেন। এই বিচারপতিরাই সুপার পার্লামেন্ট হিসাবে কাজ করছেন। কিন্তু বিচারপতিদের কোনওরকম কোনও জবাবদিহি



করতে হয় না। কারণ, এই দেশের আইনে সেই দায়বদ্ধতার জায়গাটাই নেই।" সরাসরি বিচারব্যবস্থাকে নিশানা করে ধনকড় বলছেন, "কীসের ভিত্তিতে ভারতের রাষ্ট্রপতিকে নির্দেশ দেওয়া হচ্ছে? বিচারব্যবস্থা সংবিধানের ১৪২ ধারাকে মিসাইলের মতো ব্যবহার করছে।" কি এই সংবিধানের ১৪২ ধারা? এই ধারায় বলা আছে, সম্পূর্ণ সুবিচার প্রতিষ্ঠার লক্ষ্যে সুপ্রিম কোর্ট চাইলে আইনের বেড়াজাল টপকে নির্দেশিকা জারি করতে পারে।গত ১১ এপ্রিল আইনসভায় পাশ হওয়া বিল নিয়ে ঐতিহাসিক মন্তব্য করে সুপ্রিম কোর্ট। শীর্ষ আদালতের পর্যবেক্ষণ ছিল, আইনসভা থেকে পাশ হয়ে আসা বিল অনন্তকাল আটকে রাখতে পারেন না রাষ্ট্রপতি। তিনমাসের মধ্যে তাঁকে মতামত রাজ্যপালদের জন্যও ওই একই নির্দেশ দেয় শীর্ষ আদালত। বিচারপতি জে বি পার্দিওয়ালা ও বিচারপতি আর মহাদেবনের বেঞ্চ জানিয়ে দেয়, রাজ্যপালের কাছ থেকে আসা বিলে তিনমাসের মধ্যে মতামত জানিয়ে দিতে হবে রাষ্ট্রপতিকে। যদি তিনমাসের মধ্যে তা সম্ভব না হয়, তাহলে দেরি হওয়ার যথাযথ কারণ জানাতে হবে সংশ্লিষ্ট রাজ্যকে।

উপরাষ্ট্রপতি এভাবে রাষ্ট্রপতিকে ডেডলাইন বেঁধে দেওয়াটা কোনওভাবেই মেনে নিতে পারছেন না। তাঁর প্রশ্ন, "কোন পথে এগোচ্ছে আমাদের দেশ। এ দেশে হচ্ছেটা কী? আমরা গণতন্ত্রের সঙ্গে কোনওদিন আপস করিনি। আজকের দিনটা দেখার জন্য তো এত সংগ্রাম করিনি। এখন দেখা যাচ্ছে, ভারতের রাষ্ট্রপতিকেও একটা বিল নিয়ে সিদ্ধান্ত নেওয়ার ডেডলাইন বেঁধে দেওয়া হচ্ছে। এটা তো আর সামান্য কিছু নিয়ে মতামত দেওয়া নয়। এখানে বলা হচ্ছে, সময়মতো সিদ্ধান্ত না নিলে বিল আইনে পরিণত হবে।"

(২ পাতার পর)

## পান্তাভাত আর লোকসংস্কৃতির টানে পর্যটকদের ঢল ঝাড়গ্রামে

থোঁতো, আমডাল, চুনো মাছের টক, ইলিশ ভাজা, কালো কলাইয়ের ডাল, আমের চাটনি, তেঁতুলের টক—সব মিলিয়ে একেবারে ঘরোয়া বাঙালি খাবারের বিশুদ্ধ স্বাদ। এই থালির বিশেষ আয়োজন পর্যটকদের মনে রীতিমতো জায়গা করে নিয়েছে।ঝাড়গ্রামের অন্যতম জনপ্রিয় পর্যটন কেন্দ্র বেলপাহাড়ির ইন্দ্রাচকে 'কাঁচা লঙ্কা' নামক একটি জনপ্রিয় খাবার ঘর পয়লা বৈশাখ উপলক্ষে আয়োজন করেছে ঐতিহ্যবাহী পান্তাভাত উৎসব। শুধু খাওয়া নয়,পর্যটকদের মনোরঞ্জনের জন্য ছিল লোকসংগীত, বাউলগান, এবং স্থানীয় সংস্কৃতির নানা উপস্থাপনা। বাংলার মাটির টান, সংগীতের আবহ, আর গরমে প্রশান্তি এনে দেওয়া এই মেনুতে যেন খুঁজে পাওয়া যাচ্ছে নতুন বছরে শিকড়ের স্বাদ।বেলপাহাড়ী ট্যুরিজম অ্যাসোসিয়েশনের পক্ষ থেকে বিধান দেবনাথ জানান, "নববর্ষে পান্তাভাতের চাহিদা এতটাই বেড়েছে যে প্রতিটি হোমস্টে ও রিসর্টে আলাদা করে থালি তৈরির আয়োজন করতে হয়েছে।" গরম উপেক্ষা করে পর্যটকরা ঝাঁপিয়ে পড়ছেন এই উৎসবে, যা প্রমাণ করে বাংলার গ্রীষ্মকালীন পর্যটন ধীরে ধীরে নতুন চেহারা নিচ্ছে। ঝাড়গ্রাম জেলার বাসিন্দা সনাতন দাস, চন্দ্রশেখর সাউ,বিশ্বজিৎ পালরা জানান,জঙ্গলমহলের জনপ্রিয় এই জলঢালা ভাত বা পান্তা খাওয়ার প্রচলনটি বহু প্রাচীন। এটি খেতেও খুব সুস্বাদু। জলঢালা ভাত বা পান্তার স্বাদ নিতে দুর দুরান্ত থেকে পর্যটকরা ভিড় জমাচ্ছেন ঝাড়গ্রাম জেলা জুড়ে। ঝাড়গ্রামের গোপীবল্লভপুর ২ ব্লকের ব্লক স্বাস্থ্য আধিকারিক ডাঃ কিংশুক রায় বলেন,

পান্তা ভাত, যা সাধারণত ভাতকে পানিতে ভিজিয়ে রেখে তৈরি করা হয়। বাংলাদেশ এবং ভারতের পশ্চিমবঙ্গ, আসাম সহ কিছু অঞ্চলে জনপ্রিয় একটি ঐতিহ্যবাহী খাবার। এটি প্রোবায়োটিক সমৃদ্ধ এবং বিভিন্ন স্বাস্থ্য উপকারিতা রয়েছে। পান্তা ভাত ভিটামিন বি-৬ ও বি-১২-র উৎস।" এছাড়াও পান্তা ভাত কার্বোহাইড্রেটের ভালো উৎসব। পাশাপাশি এটি গরমের দিনে শরীরের তাপমাত্রা নিয়ন্ত্রণের সাহায্য করে এবং পানিশূন্যতা রোধ করে ও গ্যাসের সমস্যা কমাতেও কার্যকর।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance (Randhumahal Club) - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219
(Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364,
(Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |



# ইরানের পরমাণু স্থাপনায় হামলা চালাতে চান নেতানিয়াহু, ট্রাম্পের না

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

ইরানের পরমাণু স্থাপনায় ইসরায়েলের হামলার পরিকল্পনা আটকে দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এর পরিবর্তে তিনি একটি চুক্তির মাধ্যমে ইরানের পারমাণবিক কর্মসূচির কার্যক্রম সীমিত করার পথে হাঁটার সিদ্ধান্ত নিয়েছেন।

হোয়াইট হাউসের কর্মকর্তাসহ সংশ্লিষ্ট সূত্রের উদ্ধৃতি দিয়ে এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে 'নিউইয়র্ক টাইমস'।

বুধবার (১৬ এপ্রিল) সংবাদমাধ্যটির প্রতিবেদনে বলা হয়েছে, ইসরায়েল মে মাসে ইরানের পরমাণু স্থাপনাগুলোর ওপর হামলার পরিকল্পনা করেছিল। তাদের লক্ষ্য ছিল, ইরানের পারমাণবিক অস্ত্র তৈরির সক্ষমতা এক বছর বা তার বেশি সময়ের জন্য পিছিয়ে দেয়া।



ইরানের পাল্টা হামলা থেকে ইসরায়েলকে রক্ষা করা এবং তেহরানে সফলভাবে হামলার জন্য যুক্তরাষ্ট্রের সহায়তা প্রয়োজন তেল আবিবের।

হামলার বিষয়ে কয়েক মাস আলোচনার পরে সামরিক পদক্ষেপ না নিয়ে শেষ পর্যন্ত ট্রাম্প পারমাণবিক কর্মসূচির বিষয়ে ইরানের সঙ্গে আলোচনার সিদ্ধান্ত নেন।

গাজা যুদ্ধ, হামাস নেতাদের হত্যা ও লেবাননে ইসরায়েলের হামলাকে কেন্দ্র করে গত বছর এপ্রিল ও অক্টোবরে ইরান-ইসরায়েল পাল্টাপাল্টি হামলা চালায়। এতে এই দুই আঞ্চলিক প্রতিদ্বন্দ্বীর মধ্যে উত্তেজনা আরো বেড়ে যায়।

ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে তার প্রথম মেয়াদে ২০১৫ সালে জাতিসংঘ-সমর্থিত ইরানের পরমাণু চুক্তি বাতিল করেন। তিনি তেহরানের বিরুদ্ধে গোপনে চুক্তি ভঙ্গের অভিযোগ তোলেন এবং পুনরায় নিষেধাজ্ঞা জারি করেন। এর জবাবে ইরানও চুক্তির শর্ত মানার বিষয়টি কমিয়ে দেয় এবং ইউরেনিয়াম সমৃদ্ধকরণ কার্যক্রম বাড়িয়ে দেয়।

গত মাসে ট্রাম্প হুমকি দেন, 'চুক্তি না করলে' ইরানের ওপর বোমা হামলা হবে। এর জবাবে ইরান জানায়, তারা কোনো চাপের কাছে মাথা নত করবে না।

পাল্টাপাল্টি এমন হুমকির মধ্যেও গত শনিবার ওমানের মাস্কাটে ইরান ও যুক্তরাষ্ট্রের প্রতিনিধিরা পারমাণবিক কর্মসূচি নিয়ে প্রথম দফায় আলোচনায় বসেন। আগামী ১৯ এপ্রিল দ্বিতীয় দফায় আবারও বৈঠকে বসার কথা রয়েছে।

## পূর্ব খাশি জেলায় সরকারের বিভিন্ন প্রকল্পের কাজকর্ম সরেজমিনে খতিয়ে দেখলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

মেঘালয় সফরের দ্বিতীয় দিনে কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সাবিত্রী ঠাকুর আজ পূর্ব খাশি জেলায় সরকারের বিভিন্ন প্রকল্পের কাজকর্মের অগ্রগতি সরেজমিনে খতিয়ে দেখলেন। এইসব প্রকল্পের সঙ্গে যুক্ত নানান পক্ষের সঙ্গে মতবিনিময় করেন তিনি।

কেন্দ্রীয় মন্ত্রী মাওরো-তে শক্তি সদন পরিদর্শন করেন। এখানে ১৮-৫০ বছর বয়সী ১৮ জন আবাসিক বিভিন্ন বৃত্তিমূলক কাজের প্রশিক্ষণ নিচ্ছেন। মাকাসিয়াং-এ শিশু পরিচর্যা প্রতিষ্ঠানে গিয়ে কচিকাঁচাদের সঙ্গে আলাপচারিতায় মেতে ওঠেন তিনি, কথা বলেন সেখানকার কর্মীদের সঙ্গে। মাওয়াসমাই-তে অঙ্গনওয়াড়ী কেন্দ্রে গিয়ে সমন্বিত শিশু বিকাশ পরিষেবা কর্মসূচির কাজকর্মের অগ্রগতি পর্যালোচনা করেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী। সোহ্‌রাতে কমিউনিটি হেল্থ সেন্টারও পরিদর্শন করেন তিনি। প্রান্তিক অঞ্চলে শিশু ও মহিলাদের স্বাস্থ্য পরিষেবা আরও জোরদার করার ক্ষেত্রে কেন্দ্রীয় সরকারের দায়বদ্ধতা তুলে ধরেন সাবিত্রী ঠাকুর। এছাড়াও তিনি কথা বলেন, মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ কর্মনিশ্চয়তা প্রকল্প এবং প্রধানমন্ত্রী আবাস যোজনা (গ্রামীণ)-এর গ্রাহকদের সঙ্গে।

সফরের শেষে তিনি এইসব প্রকল্পের রূপায়ণে জেলা ও স্থানীয় প্রশাসনের উদ্যোগের প্রশংসা করেন।

## কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ (সিসিপিএ) কোচিং সেন্টারগুলিকে ক্রেতা সুরক্ষা আইন ২০১৯ এবং কোচিং ক্ষেত্রে বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রতিরোধ নির্দেশিকা ২০২৪ কঠোরভাবে মেনে চলার পরামর্শ দিয়েছে

**নতুন দিল্লি, ১৭ এপ্রিল ২০২৫**

কেন্দ্রীয় ক্রেতা সুরক্ষা কর্তৃপক্ষ (সিসিপিএ) কোচিং সেন্টারগুলিকে ক্রেতা সুরক্ষা আইন ২০১৯ এবং কোচিং ক্ষেত্রে বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রতিরোধ নির্দেশিকা ২০২৪ কঠোরভাবে মেনে চলার পরামর্শ দিয়েছে।

কোচিং সেন্টারগুলির উপস্থাপনা যাতে অভ্রান্ত ও স্পষ্ট হয়, তাতে কোনরকম বিভ্রান্তিকর দাবি যাতে না থাকে এবং কোন গুরুত্বপূর্ণ তথ্য যাতে গোপন করা না হয়, তা সুনিশ্চিত করার কথা বলেছে সিসিপিএ। এছাড়া কোচিং সেন্টারগুলিকে সুনিশ্চিত সাফল্যের আশ্বাস দিতেও নিষেধ করা হয়েছে। কোচিং সেন্টারগুলিকে তাদের বিজ্ঞাপনে ছাত্রের নাম, Rank, কোর্সের ধরণ এবং সেই কোর্সের জন্য অর্থ প্রদান করা হয়েছে কিনা, সেই সব তথ্য স্পষ্টভাবে প্রকাশ করতে হবে। গ্রাহকরা যাতে বিভ্রান্ত না হন, সেজন্য সংশ্লিষ্ট তথ্য বিবরণী একই রকম গুরুত্ব দিয়ে প্রকাশ করার কথাও বলা হয়েছে।

সম্প্রতি আইআইটি-জেইই এবং এনইইটি পরীক্ষার ফল প্রকাশিত হয়েছে। সিসিপিএ লক্ষ্য করেছে যে, কোচিং সেন্টারগুলি বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রতিরোধ নির্দেশিকা ২০২৪ মেনে চলছে না।

এর পরিপ্রেক্ষিতে সিসিপিএ সম্প্রতি কয়েকটি কোচিং সেন্টারকে নিম্নলিখিত বিষয়ে নোটিশ জারি করেছে:-

১. সুনিশ্চিত নিয়োগ / নির্বাচন

২. জেইই / এনইইটি-তে Rank-এর নিশ্চয়তা

৩. ক্রেতা অধিকার লঙ্ঘন

৪. বিভ্রান্তিকর বিজ্ঞাপন

৫. অসদুপায়ে ব্যবসা চালানো, যেমন – প্রতিশ্রুত পরিষেবা না দেওয়া, ভর্তি বাতিল করা হলেও ফি ফেরত না দেওয়া, পরিষেবা প্রদানে ঘাটতি, আংশিক বা সম্পূর্ণভাবে ফি ফেরত না দেওয়া প্রভৃতি।

এইসব ঘটনা ঘটলে তা ক্রেতা সুরক্ষা আইন ২০১৯-এর ২(২৮) ও ২(৪৭) ধারা এবং বিভ্রান্তিকর বিজ্ঞাপন প্রতিরোধ নির্দেশিকা ২০২৪ লঙ্ঘন করে।

কোচিং ক্ষেত্রে ক্রেতার অধিকার রক্ষা ও স্বচ্ছতা সুনিশ্চিত করার লক্ষ্যে গত ৩ বছর ধরে সিসিপিএ আইন ও নির্দেশিকা লঙ্ঘনকারী কোচিং সেন্টারগুলির বিরুদ্ধে ব্যবস্থা নিয়েছে।

এপর্যন্ত সিসিপিএ ৪৯টি নোটিশ জারি করেছে এবং ২৪টি কোচিং সেন্টারের ওপর মোট ৭৭.৬০ লক্ষ টাকা জরিমানা ধার্য করেছে। তাদের অবিলম্বে বিভ্রান্তিকর বিজ্ঞাপন ও অসদুপায়ে ব্যবসা পরিচালনা বন্ধ করতে বলা হয়েছে।

## স্পেশাল হ্যান্ডলুম এক্সপো"- ভারতের তন্তুজ বস্ত্রের উদযাপন

**নয়াদিল্লি, ১৭ এপ্রিল, ২০২৫**

ভারত সরকারের বস্ত্র মন্ত্রকের অধীন ন্যাশনাল হ্যান্ডলুম ডেভেলপমেন্ট কর্পোরেশন নয়ডায় তাদের কার্যালয়ে "স্পেশাল হ্যান্ডলুম এক্সপো"-র সূচনা করেছে।

১৩টি রাজ্যের হস্তচালিত বয়নশিল্পীরা অংশ নিচ্ছেন। এর লক্ষ্য, বহু প্রাচীন হাতে বোনা তাঁতবস্ত্রের ওপর পুনরায় জোর দেওয়া। এইসঙ্গেই বয়নশিল্পীরা ক্রেতাদের কাছে সরাসরি তাদের পণ্য বিক্রি করার সুযোগও পাচ্ছেন।

এক্সপো-য় থাকছে, হস্তচালিত তন্তুজ বস্ত্রের ২৫টি স্টল, যেখানে পাওয়া যাবে, শাড়ি, ড্রেস মেটেরিয়াল, স্টোল, দুপাট্টা ইত্যাদির বিভিন্ন সম্ভার।

বস্ত্র মন্ত্রকের সচিব শ্রীমতী নীলম শামি রাও এক্সপো ঘুরে দেখে, কথা বলেন তাঁতশিল্পীদের সঙ্গে এবং আমাদের ঐতিহ্য সংরক্ষণে তাদের প্রয়াসের প্রশংসা করেন।

"স্পেশাল হ্যান্ডলুম এক্সপো, মাই হ্যান্ডলুম, মাই প্রাইড" প্রদর্শনীটি খোলা থাকবে নয়ডার সেক্টর ২-এর এনএইচডিসি কমপ্লেক্সে ২৪ এপ্রিল ২০২৫ পর্যন্ত রোজ সকাল ১১টা থেকে রাত ৮টা।

# সিনেমার খবর

## মালাইকার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বলিউড অভিনেত্রী মালাইকা অরোরার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করা হয়েছে। ২০১২ সালের একটি মারামারির মামলায় সাক্ষী হিসেবে আদালতে হাজির না হওয়ার কারণেই এই পরোয়ানা জারি করা হয়েছে।

ঘটনাটি ২০১২ সালে মুম্বাইয়ের একটি পাঁচতারা হোটেলে ঘটেছিল। অভিযোগ অনুযায়ী, অভিনেতা সাইফ আলী খান, শাহিল লাদাখ এবং ব্যবসায়ী বিলাল আমরোহি একজন এনআরআই ব্যবসায়ীর ওপর হামলা করেছিলেন। এই ঘটনায় মালাইকা অরোরাকে প্রত্যক্ষদর্শী হিসেবে আদালতে সাক্ষ্য দেওয়ার জন্য বলা হয়েছিল।

ভারতীয় সংবাদমাধ্যমের খবর অনুযায়ী, মালাইকা অরোরাকে একাধিকবার সমন পাঠানো হলেও তিনি আদালতে হাজিরা দেননি। এর জেরেই মুম্বাইয়ের একটি আদালত তার বিরুদ্ধে এই জামিনযোগ্য গ্রেফতারি পরোয়ানা জারি করেছে।

অন্যদিকে, এই মামলার আরেক প্রত্যক্ষদর্শী এবং মালাইকার বোন অমৃতা অরোরা সম্প্রতি আদালতে সাক্ষ্য দিয়েছেন। তার বয়ানে তিনি ঘটনার আগের পরিস্থিতি এবং সাইফ আলি খানের আচরণের কথা উল্লেখ করেছেন।

এই ঘটনায় জড়িত থাকার অভিযোগ সাইফ আলি খান বরাবরই অস্বীকার করে এসেছেন। তার দাবি, এনআরআই ব্যবসায়ী ইকবাল শর্মা তাদের টেবিলে এসে মহিলাদের উত্যক্ত ও গালিগালাজ করেছিলেন, যার ফলে পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

টাইমস অফ ইন্ডিয়ার খবরে বলা হয়েছে, সেই রাতের ডিনার পার্টিতে সাইফ আলি খান, কারিনা কাপুর খান, কারিশমা কাপুর, মালাইকা অরোরাসহ আরও কয়েকজন উপস্থিত ছিলেন।

মালাইকা অরোরার গ্রেফতারি পরোয়ানার বিষয়ে পরবর্তী আইনি পদক্ষেপের জন্য এখন অপেক্ষা করতে হবে।

## মেট গালায় হাঁটবেন অন্তঃসত্ত্বা কিয়ারা!



কিয়ারা আদভানি

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন

জনপ্রিয় ফ্যাশন শো 'মেট গালা'তে অভিষেক হতে যাচ্ছে বলিউড অভিনেত্রী কিয়ারা আদভানির। গত বছর কান রেড সি ফিল্ম ফাউন্ডেশনে অংশ নিয়েছিলেন কিয়ারা। তখন অভিনেত্রীর পরনে ছিল কালো ও গোলাপি গাউন।

বরাবরই স্টাইল স্টেটমেন্ট সেট করেছেন কিয়ারা আদভানি। তার লুকস ও সৌন্দর্য চর্চায় থাকে সব সময়। তার অনুরাগী সংখ্যাও কম নয়। এবার কিয়ারার মেট গালায় অংশগ্রহণের খবর শুনে তাকে শুভেচ্ছায় ভরিয়েছেন অনুরাগীরা।

২০২০ সাল থেকে সহ-অভিনেতা সিদ্ধার্থ মালহোত্রার সঙ্গে প্রেম শুরু করেন কিয়ারা। ২০২৩ সালে রাজকীয় আয়োজনে বিয়ে করেন তারা। এর আগে প্রেম নিয়ে কারও কাছেই মুখ খোলেননি কিয়ারা। রাজস্থানে তাদের রাজকীয় বিয়ের ভিডিও এখনও স্মরণ করেন অনেকে। প্রায়ই তা সামাজিক যোগাযোগমাধ্যমে ভেসে বেড়ায়।

গেল ফেব্রুয়ারিতে অন্তঃসত্ত্বা হওয়ার খবর প্রকাশ্যে আনেন কিয়ারা। এবার প্রেগন্যান্ট অবস্থাতেই মেট গালায় অংশ নেবেন অভিনেত্রী।

তার পোশাকের দিকে থাকবে সকলের নজর। মেট গালার লাল গালিচায় হেঁটেছেন বলিউডের বহু নায়িকাই, এবার সেই তালিকায় যুক্ত হতে চলেছে কিয়ারার নামও।

## কেন মান্নাত ছেড়ে সপরিবারে ভাড়া বাসায় উঠলেন শাহরুখ?

স্টাফ রির্পোটার, নিউজ সারাদিন



বিশ্বব্যাপী পরিচিত বলিউড কিং শাহরুখ খানের স্থায়ী বাড়ি 'মান্নাত'। ভারতের মুম্বাই শহরের হেরিটেজ স্থাপত্যের তকমা পাওয়া এই বাড়িটি নিয়ে মানুষের আবেগও কম নয়। শাহরুখের জন্মদিন, কিংবা যেকোনো উৎসবে- নায়ককে এক ঝলক দেখতে হাজারো ভক্ত জড়ো হয় মান্নাতের সামনে।

অনেকদিন ধরেই শোনা যাচ্ছিল, মান্নাত ছেড়ে দেবেন শাহরুখ। তাই হলো। সদ্যই সপরিবারে বাড়িটি ছাড়লেন শাহরুখ। উঠলেন নতুন একটি ভাড়া বাসায়। সঙ্গে মাস গেলে শাহরুখকে গুনতে হবে মোটা অঙ্কের টাকাও।

শাহরুখের 'মান্নাত' ছাড়ার কারণ হলো বাড়ি সংস্কার। জানা গেছে, বান্দ্রার পালি হিল এলাকায় একটি বিলাসবহুল অ্যাপার্টমেন্ট এর চারতলা ভাড়া নিয়েছেন অভিনেতা। তার মান্নাতে যতদিন কাজ চলবে, ততদিনই পুরো পরিবারকে নিয়ে নতুন বাসায় থাকবেন কিং খান। গত সোমবার থেকে শুরু হয়েছে তাদের বাড়ি পাল্টানোর কাজ।

জানা গেছে, শাহরুখের নতুন এই বাড়িটি মান্নাতের আয়তনের অর্ধেক। এক প্রতিবেদনে বলা হয়েছে, অ্যাপার্টমেন্টটির আয়তন ১০,৫০০ বর্গফুট, যেখানে মান্নাত ২৭,০০০ বর্গফুট।

এ খবর নজর এড়ায়নি পাপারাজ্জিদের। ম্যানেজার পূজা দাদলানি এবং মেয়ে সুহানা খানের সঙ্গে তার নতুন বাড়িতে প্রবেশ করেন শাহরুখ। প্রায় দু বছর সেখানে থাকার পরিকল্পনা রয়েছে নায়কের।

# ‘যেন উইকেট বাঁচাতে চাইছিল...,’ রাহুলের ব্যাটিংয়ে অবাক সতীর্থ!

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

কলকাতা: ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের এ মরসুমে সবচেয়ে ধারাবাহিক দল বলা যায় দিল্লি ক্যাপিটালসকে। ছ'টির মধ্যে পাঁচটিতে জয়। বুধবার রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে চাপের পরিস্থিতি থাকলেও সুপার ওভারে জয় ছিনিয়ে নিয়েছে দিল্লি ক্যাপিটালস। প্রায় প্রতিটা ম্যাচেই গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন লোকেশ রাহুল। যদিও তাঁর ব্যাটিং মানসিকতা নিয়ে বেশ অবাক সতীর্থ। রাহুল উইকেট বাঁচাতে খেলছিল, এমনটাও মনে করছেন।



রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ৩২ বলে মাত্র ৩৮ রান করেন লোকেশ রাহুল। তা নিয়েই প্রশ্ন তুলেছেন চেতেশ্বর পূজারা। এমন মন্থর ব্যাটিং পূজারাকে অবাক করেছে। চেতেশ্বর পূজারা বলেছেন, “এই ম্যাচে ওর ব্যাটিং মানসিকতা আমার খুব একটা ভালো লাগেনি। রাহুল সিনিয়র ব্যাটার। ১৫-২০ বল খেলার পর ও তো সেট হয়ে গিয়েছিল। আরও একটু আগ্রাসী ব্যাটিং প্রয়োজন ছিল। শুরুতে উইকেট হারানোয় একটু চাপ ছিল। কিন্তু ও যখন সেট হয়েছে, দ্রুত রান তোলার চেষ্টা করতেই পারত।”

রাহুলের ব্যাটিং অর্ডারও বদল হচ্ছে। বেশির ভাগ সময় চারে ব্যাট করলেও তাঁকে ওপেনিংয়েও নামতে হয়েছে। রাজস্থানের বিরুদ্ধে অবশ্য চারেই নেমেছিলেন। যদিও দ্রুত উইকেট হারানোয় তাঁকে পাওয়ার প্লে-তে নামতে হয়। পাওয়ার প্লে-র সুবিধাটা নিতে পারেননি রাহুল, এমনটাও মনে করেন পূজারা। আরও বলেছেন, “ওর ব্যাটিং অর্ডারও কিছুটা বদলে গেছে। হয়তো পরিস্থিতি বোঝার চেষ্টা করছে। রাহুল সাধারণত পাওয়ার প্লে-তে দারুণ ব্যাটিং করে। কিন্তু পরে দিকের সময় তাকে আরও কিছুটা আক্রমণাত্মক হতে হবে। এই ম্যাচে দেখে মনে হচ্ছিল, স্বাভাবিক খেলা না খেলে উইকেট বাঁচিয়ে খেলার চেষ্টায় ছিল।”

# নতুন অধিনায়কের নাম ঘোষণা ইংল্যান্ডের



**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

সাদা বলের ক্রিকেটে ইংল্যান্ডের গ্রাফ নিম্নগামী। সম্প্রতি চ্যাম্পিয়ন্স ট্রফিতে ব্যর্থ হয়েছে। এর আগে ওয়ানডে ও টি-টোয়েন্টি বিশ্বকাপেও ব্যর্থতার গল্প লিখেছে দলটি। সে দায় কাঁধে নিয়ে সাদা বলে ইংল্যান্ডের নেতৃত্ব ছেড়ে দেন জস বাটলার।

এবার তার উত্তরসূরি খুঁজে নিয়েছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। সাদা বলের ইংল্যান্ডে নতুন অধিনায়ক হিসেবে হ্যারই ব্রুকের নাম ঘোষণা করেছে তারা।

ব্রুক ওয়ানডে, টি-টোয়েন্টি-দুই ফরম্যাটেই দলকে নেতৃত্ব দেবেন। এর আগে গুঞ্জন ছিল হয়তো ফরম্যাট ভিত্তিতে অধিনায়ক বেছে নেবে ইসিবি। ব্রুক গত ১২ মাস ধরেই সহ অধিনায়কের দায়িত্ব পালন করেছেন। টেস্ট অধিনায়ক বেন স্টোকসের পাশাপাশি এই পদের জন্য তিনিই ছিলেন সেরা পছন্দ।

ইংল্যান্ডের ছেলেদের ক্রিকেটের ম্যানেজিং ডিরেক্টর রব কি বলেছেন, ‘ব্রুক আমাদের উত্তরসূরি বেছে নেওয়ার পরিকল্পনার অংশ ছিল অনেক দিন ধরেই। যদিও সুযোগটা এসেছে প্রত্যাশিত সময়ের আগে। হ্যারি শুধু একজন অসাধারণ ক্রিকেটারই নন, তার ক্রিকেট মেধাও অসাধারণ।’

# নিউজিল্যান্ডের কোচের দায়িত্ব ছাড়লেন গ্যারি স্টিড

**স্টাফ রিপোর্টার, নিউজ সারাদিন**

নিউজিল্যান্ডের সাদা বলের (ওয়ানডে ও টি-টোয়েন্টি) কোচের দায়িত্ব থেকে সরে দাঁড়ালেন গ্যারি স্টিড। টেস্টেও কোচ থাকবেন কি না, তা নিয়েও শিগগিরই সিদ্ধান্ত নেবেন বলেও জানিয়েছে ৫৩ বছর বয়সি এই কোচ।

২০১৮ সালে মাইক হেসনের স্থলাভিষিক্ত হন গ্যারি স্টিড। ২০১৯ বিশ্বকাপ, ২০২১ টি-টোয়েন্টি বিশ্বকাপ ও ২০২৫ চ্যাম্পিয়নস ট্রফি- তিনটি ফাইনাল শেষেই অবশ্য রানার্সআপ ট্রফি নিয়ে বাড়ি ফিরতে হয়েছিল নিউজিল্যান্ডকে। তবে ২০২১ সালে বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের প্রথম ফাইনালে ভারতকে হারিয়ে চ্যাম্পিয়ন হয় স্টিডের দল।



নিউজিল্যান্ডের দায়িত্ব ছাড়ার পর স্টিড বলেন, ‘আমি সফরের পর সফরের যে জীবন, তা থেকে বেরোতে চাই। আমি ভবিষ্যৎ নিয়েও ভাবছি। আমার সব মনোযোগ এখন কম অভিজ্ঞ কোনো দলের সঙ্গে মৌসুমটা ভালোভাবে শেষ করতে চাই। শেষ ছয়টা মাস বিরামহীন ক্রিকেট নিয়ে চরম ব্যস্ত ছিলাম।’ তিনি আরও বলেন, 'আমার স্ত্রী ও পরিবারের সঙ্গে আলোচনা করে পরিস্থিতি বোঝার সুযোগ পাব সামনের সময়টায়। এরপর আরও ভালোভাবে বুঝতে পারব, টেস্ট কোচের দায়িত্বের জন্য পুনরায় আবেদন করব কি না।'

আগামী জুনে গ্যারি স্টিডের বর্তমান চুক্তির মেয়াদ শেষ হবে।

● স্বত্বাধিকারী, প্রকাশক, মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুণ্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published, Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR